

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বগুড়া পলিটেকনিক ইন্সটিটিউট, বগুড়া
প্রতিষ্ঠান কোড : ২০০০৯৯

স্মারক নং-৫৭.০৩.১০২০.৩০২.৯৯.০০৩.২০২২-৮২

তারিখ : ০৬/০৪/২০২২ খ্রিঃ

বিষয় : ৮ম পর্বের শিক্ষার্থীদের কোর্স সমাপনী সনদ ও এসএসসির মূল নম্বরপত্র এবং প্রশিক্ষণ ভাতা ও জামানতের টাকা প্রদান প্রসঙ্গে।

এ প্রতিষ্ঠানের ৮ম পর্বের সকল টেকনোলজির (উভয় শিফট) অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের কোর্স সমাপনী সনদ ও এসএসসির মূল নম্বরপত্র প্রদান এবং ৮ম পর্বের শিক্ষার্থীদের প্রশিক্ষণ ভাতা ও জামানতের টাকা আগামী ২৪/০৪/২০২২ থেকে পর্যায়ক্রমে টেকনোলজি ভিত্তিক প্রদান করা হবে। উক্ত কাগজপত্রাদি উত্তোলনের জন্য প্রত্যেক শিক্ষার্থীকে বাধ্যতামূলক ভাবে গুগল ফর্মে <https://forms.gle/CwmWePj4rT5Dw6xb6> অথবা <http://surl.li/brvpc> লিংক এ প্রবেশ করে আগামী ১৫/০৪/২০২২খ্রিঃ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে ইংরেজি অক্ষরে সঠিক ভাবে তথ্য প্রদান নিশ্চিত করতে হবে (শুধু মাত্র একবার সাবমিট করবে)।

কাগজপত্রাদি উত্তোলনের সময় নির্ধারিত টাকার রশিদ হিসাব শাখা থেকে সংগ্রহপূর্বক ৮ম পর্বের ছবিযুক্ত প্রবেশপত্রের ফটোকপিসহ একাডেমিক শাখায় জমা দিতে হবে এবং হিসাব শাখা থেকে টাকা উত্তোলনের সময় শিক্ষার্থীদের ৮ম পর্বের ছবিযুক্ত অরিজিনাল প্রবেশপত্র সঙ্গে আনতে হবে। (৪র্থ পর্ব ট্যুরিজম এর শিক্ষার্থীদের শুধুমাত্র প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে এবং তাদেরকেও ৪র্থ পর্বের ছবিযুক্ত অরিজিনাল প্রবেশপত্র সঙ্গে আনতে হবে)।

এসএসসির মূল নম্বরপত্র ও কোর্স সমাপনী সনদ এবং টাকা বিতরণের সময়, তারিখ ও স্থান :

ক্রমিক নং	টেকনোলজি	শিফট	বিতরণের তারিখ	কাগজপত্র বিতরণের স্থান	টাকা বিতরণের স্থান
১.	সিভিল, কম্পিউটার	উভয় শিফট	২৪/০৪/২২	একাডেমিক শাখা	হিসাব শাখা
২.	ইলেকট্রিক্যাল, ট্যুরিজম	উভয় শিফট	২৫/০৪/২২		
৩.	মেকানিক্যাল, মাইনিং	উভয় শিফট	২৬/০৪/২২		
৪.	পাওয়ার, রেফ্রিজারেশন এ্যান্ড এয়ারকন্ডিশনিং, ইলেকট্রনিক্স	উভয় শিফট	২৭/০৪/২২		

(বি.দ্রঃ গুগল ফর্মে উক্ত অনলাইন লিংক এ তথ্য প্রদান ব্যতিত কোন শিক্ষার্থীকে কোর্স সমাপনী সনদপত্র দেয়া হবে না।)
উল্লেখ্য, রেভিনিউ স্ট্যাম্পের ১০/- (দশ) টাকা সাথে নিয়ে আসার জন্য শিক্ষার্থীদের নির্দেশ প্রদান করা হলো।

স্বাক্ষর:

(মোঃ আবু সাইম জাহান)
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নং-৫৭.০৩.১০২০.৩০২.৯৯.০০৩.২০২২-৮৩

তারিখ : ০৬/০৪/২০২২ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ১। উপাধ্যক্ষ/ওসি একাডেমিক, এ ইন্সটিটিউট।
- ২। চিফ ইন্সট্রাক্টর ও বিভাগীয় প্রধানগণ (সকল) বিভাগ/টেকনোলজি, উভয় শিফট, এ ইন্সটিটিউট।
- ৩। ফোকাল পয়েন্ট, প্লেসমেন্ট সেল, এ ইন্সটিটিউট। [নোটিশটি প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৪। নথি।

স্বাক্ষর:

(মোঃ আবু সাইম জাহান)
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)

বগুড়া পলিটেকনিক ইন্সটিটিউট, বগুড়া

E-mail: bogra_poly@yahoo.com